

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
ডায়েরী নং ২৩৫৪
তারিখ ২৪/০৮/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়

ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প
ই-পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স, উত্তরা, ঢাকা

২৪-০৮-২০
D.D (Admin)

ই-পাসপোর্ট/প্রকল্প/এ্যাডমিন/২০২০/৮৯

তারিখ : ২৪ আগস্ট ২০২০ খ্রিঃ

বিষয় : ই-পাসপোর্ট সেবা পুনরায় চালু করণ প্রসঙ্গে।

১। দেশে উদ্ভূত করোনো পরিস্থিতির কারণে ২৩ মার্চ ২০২০ ইং তারিখ হতে ই-পাসপোর্টের সকল কার্যক্রম স্থগিত করা হয়। এখানে উল্লেখ্য যে, ই-পাসপোর্ট সেবা বন্ধ হওয়ার আগে ০৯ টি পাসপোর্ট অফিসে ই-পাসপোর্ট সেবা চালু ছিল। ইতিমধ্যে আরও ২৫ টি নতুন পাসপোর্ট অফিসে ই-পাসপোর্ট সেবা উদ্বোধন করা হয়েছে। বর্তমান পরিস্থিতিতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে নিবন্ধন (নতুন ও রি-ইস্যু) কার্যক্রম সীমিত পরিসরে (মোট সক্ষমতার ৪০%) ই-পাসপোর্ট সেবা চালু করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে যা সার্বিক পরিস্থিতি বিবেচনায় পরবর্তীতে বৃদ্ধি করা হবে। এ উদ্দেশ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহন করা হয়েছে :

ক। ইতিমধ্যে অ্যাপয়েন্টমেন্ট প্রাপ্ত সকল আবেদনকারীরা ২৫ আগস্ট ২০২০ ইং তারিখে মোবাইলে বিজ্ঞপ্তি আকারে একটি স্কুদে বার্তা (SMS) এবং ই-মেইল গ্রহন করবেন। একই বিজ্ঞপ্তি ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ওয়েবসাইট এবং ই-পাসপোর্ট ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

খ। বিদ্যমান আবেদনকারীদের জন্য ২৫ আগস্ট থেকে অনলাইন পোর্টালটি উন্মুক্ত করা হবে। তারা ০১ সেপ্টেম্বর হতে ১০ সেপ্টেম্বর ২০২০ ইং পর্যন্ত অগ্রাধিকার ভিত্তিতে অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট করতে পারবেন। উল্লেখিত তারিখসমূহ তাদের জন্য সম্মিলিত ভাবে বরাদ্দ থাকবে।

গ। ০১ সেপ্টেম্বর ২০২০ ইং হতে নতুন এবং পুরাতন আবেদনকারী অনলাইনে আবেদন করতে পারবেন। কিন্তু, নতুন আবেদনকারীর জন্য ১১ সেপ্টেম্বর হতে অনলাইনে বুকিং শুরু হবে। উভয় প্রকার আবেদনকারীদের জন্য ৫০% কোটা নির্ধারিত থাকবে।

ঘ। সার্বিক পরিস্থিতি বিবেচনা করে ১৪ সেপ্টেম্বর হতে অবশিষ্ট ২৫ টি আরপিও তে ধাপে ধাপে ই-পাসপোর্ট সেবা চালু করা হবে (প্রতি সপ্তাহে ৫টি আরপিও)। নিম্নলিখিত ছক অনুযায়ী পর্যায়ক্রমিক ভাবে পাসপোর্ট অফিস সমূহে ই-পাসপোর্ট সেবা চালু করা হবে :

সপ্তাহ	পাসপোর্ট অফিস সমূহের নাম
প্রথম	গোপালগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, নোয়াখালী, ফেনী
দ্বিতীয়	মুন্সীগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ
তৃতীয়	যশোর, খুলনা, কুমিল্লা, কুষ্টিয়া, ব্রাহ্মণবাড়ীয়া
চতুর্থ	চাঁদগাঁও (চট্টগ্রাম), রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর
পঞ্চম	দিনাজপুর, নওগাঁ, জয়পুরহাট, বরিশাল, পটুয়াখালী

ঙ। ভবিষ্যতে চালুকৃত পাসপোর্ট অফিসসমূহ ই-পাসপোর্ট সেবা উদ্বোধনের পর তাদের সক্ষমতার ৪০% নিবন্ধনের কার্যক্রম চালু রাখবে।

২। DIP এর তত্ত্বাবধানে নতুন উদ্বোধনকৃত পাসপোর্ট অফিস সমূহ হতে ২/১ জন করে অপারেটর ০১ সেপ্টেম্বর হতে চালু হতে যাওয়া ০৯ টি পাসপোর্ট অফিস সমূহে সংযুক্ত করে অন জব ট্রেনিং কার্যক্রমের মাধ্যমে ই-পাসপোর্ট সেবার সপ্তাহব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।

৩। বিষয়াট প্রকল্পের সদস্য অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।



মোঃ রকিবুল হাসান
উইং কমান্ডার
প্রকল্প পরিচালকের পক্ষে

কার্যক্রম :

মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭।

অবগতি :

প্রকল্প পরিচালক

ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

আগারগাঁও, ঢাকা-১২০৭।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জ।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, মানিকগঞ্জ।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, নরসিংদী।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, নোয়াখালী।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, ফেনী।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, মুন্সীগঞ্জ।

বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, সুনামগঞ্জ।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, হবিগঞ্জ।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, যশোর।

বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, খুলনা।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুমিল্লা।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুষ্টিয়া।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, ব্রাহ্মণবাড়ীয়া।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁদগাঁও (চট্টগ্রাম)।

বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁপাইনবাবগঞ্জ।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, বগুড়া।

বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, দিনাজপুর।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, নওগাঁ।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, জয়পুরহাট।

বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, বরিশাল।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, পটুয়াখালী।